

ঈদ উপলক্ষে ফ্লাইট বাড়ালো বিমান

- A Monitor Desk Report

Date: 01 April, 2024



ঢাকা: আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতরকে কেন্দ্র করে অভ্যন্তরীণ রুটে অতিরিক্ত ৯টি (যাওয়া-আসা মিলে ১৮টি) ফ্লাইট পরিচালনা করবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। ৪ থেকে ১০ এপ্রিল পর্যন্ত অতিরিক্ত ফ্লাইটগুলো পরিচালিত হবে।

রবিবার (৩১ মার্চ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের মহাব্যবস্থাপক জনসংযোগ তাহেরা খন্দকার জানান, সৈয়দপুর, রাজশাহী, যশোর ও বরিশাল রুটে এসব অতিরিক্ত ফ্লাইট পরিচালিত হবে। এছাড়া সিলেট ও চট্টগ্রাম রুটের যাত্রীরা বিমানের বৃহদাকার উড়োজাহাজগুলোয় ভ্রমণ করতে পারবেন।

যাত্রীরা বিমানের যেকোনো সেলস সেন্টার, বিমান ওয়েবসাইট www.biman-airlines.com, বিমান কল সেন্টার ১৩৬৩৬ ও বিমান অনুমোদিত ট্রাভেল এজেন্সি থেকে এসব রুটের টিকেট কিনতে পারবেন।

বিমানের ওয়েবসাইট ও মোবাইল অ্যাপ থেকে টিকেট কেনার ক্ষেত্রে প্রমোকোড **BGDEAL24** ব্যবহার করে মূল ভাড়ার ওপর ১০ শতাংশ ছাড় পাওয়া যাবে।

-B